**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা।**

**সংবাদ গতিধারা**
**জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার**
**সংখ্যা-১৫৭/২০১৯-২০২০**
**ঢাকা ২ ফেব্রুয়ারি রোববার ২০২০, ১৯ মাঘ ১৪২৬**

**আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে**

১। ঢাকা সিটি নির্বাচনে মেয়র পদে তাপস-আতিক বেসরকারিভাবে বিজয়ী
২। প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করলেন নবনির্বাচিত ঢাকা সিটি মেয়র তাপস ও আতিক
ইভিএমের মাধ্যমে স্বতঃস্ফূর্তভাবে ভোট প্রদান করায় নগরবাসীকে অভিনন্দন প্রধানমন্ত্রীর
৩। ঢাকা সিটি কলেজ কেন্দ্রে ভোট দিলেন প্রধানমন্ত্রী
ঢাকা মহনগরীর উন্নয়নে অঙ্গীকার ব্যক্ত
৪। যে কোনো সময়ের তুলনায় শান্তিপূর্ণ ভোট হয়েছে: তথ্যমন্ত্রী
৫। নির্বাচন সুষ্ঠু হয়েছে, বড় কোনো অভিযোগ পাইনি : সিইসি
৬। অমর একুশে বইমেলা শুরু হচ্ছে আজ: উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী
৭। প্রধানমন্ত্রী ইতালি যাচ্ছেন মঙ্গলবার
৮। বঙ্গবন্ধুর স্বপ্নের বাংলাদেশ বিনির্মাণে তরুণ প্রজন্মকেই এগিয়ে আসতে হবে: ভোলায় স্পিকার
৯। রাজাকারের তালিকা প্রকাশ শীঘ্রই : কুড়িগ্রামে মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী
মুক্তিযোদ্ধা সংসদের নির্বাচন এপ্রিলে
১০। বিশেষ ফ্লাইটে চীনের উহান থেকে ফিরলেন ৩১২ বাংলাদেশি
১১। চলতি মাসেই বাংলাদেশি কর্মীদের জন্য আমিরাতের শ্রমবাজার খুলবে : চট্টগ্রামে প্রবাসী কল্যাণমন্ত্রী
১২। ঢাকা-সিঙ্গাপুর রুটে এয়ারবাস ৩৫০ সংযোজনের মাধ্যমে যাত্রীসেবা আরও উন্নত করা হবে : বিমান প্রতিমন্ত্রী
১৩। হাওরবাসীর জীবনমান উন্নয়নে ৮শ' কোটি টাকার প্রকল্প গ্রহণ করা হয়েছে : হবিগঞ্জে পরিকল্পনামন্ত্রী
১৪। এসএসসি পরীক্ষা শুরু আগামীকাল
১৫। জাতীয় নিরাপদ খাদ্য দিবস আজ

চলমান পাতা-২

**১। ঢাকা সিটি নির্বাচনে মেয়র পদে তাপস-আতিক বেসরকারিভাবে বিজয়ী**

ঢাকার সিটি নির্বাচনে আওয়ামী লীগের দুই মেয়র প্রার্থী বিপুল ভোটে বেসরকারিভাবে বিজয়ী হয়েছেন। ঢাকা দক্ষিণে আওয়ামী লীগের ব্যারিস্টার শেখ ফজলে নূর তাপস বিএনপির ইশরাক হোসেনকে পরাজিত করেন। আর ঢাকা উত্তরে আওয়ামী লীগের আতিকুল ইসলাম হারিয়েছেন বিএনপির তাবিথ আউয়ালকে। ভোর পৌনে ৩টা পর্যন্ত ঘোষিত ভোটের হিসাবে দক্ষিণের এক হাজার ১৫০ কেন্দ্রের সবগুলোর ফলাফলে নৌকা প্রতীকে শেখ ফজলে নূর তাপস পেয়েছেন চার লাখ ২৪ হাজার ৫৯৫ ভোট। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী ধানের শীষের ইশরাক হোসেন পেয়েছেন ২ লাখ ৩৬ হাজার ৫১২ ভোট। উত্তরের এক হাজার ৩১৮ কেন্দ্রের সবগুলোর ফলাফলে নৌকা প্রতীকে আতিকুল ইসলাম চার লাখ ৪৭ হাজার ২১১ ভোট পেয়েছেন। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী ধানের শীষের তাবিথ আউয়াল পেয়েছেন ২ লাখ ৬৪ হাজার ১৬১ ভোট। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.১), **ইত্তেফাক** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১)।

**২। প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করলেন নবনির্বাচিত ঢাকা সিটি মেয়র তাপস ও আতিক**
**ইভিএমের মাধ্যমে স্বতঃস্ফূর্তভাবে ভোট প্রদান করায় নগরবাসীকে অভিনন্দন প্রধানমন্ত্রীর**

ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি করপোরেশন নির্বাচনে আওয়ামী লীগ সমর্থিত মেয়র প্রার্থী শেখ ফজলে নূর তাপস এবং আতিকুল ইসলাম প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে গতকাল (১ ফেব্রুয়ারি শনিবার) তাঁর সরকারি বাসভবন গণভবনে সাক্ষাৎ করেছেন। গণভবনে পৌঁছানোর পর তারা প্রধানমন্ত্রীকে ফুলেল শুভেচ্ছা জানান। প্রধানমন্ত্রীও তাদের ফুল দিয়ে অভিনন্দন জানান। এ সময় ইভিএমের মাধ্যমে স্বতঃস্ফূর্তভাবে ভোট প্রদান করায় তিনি নগরবাসীকে অভিনন্দন জানান। প্রধানমন্ত্রী ঢাকা সিটি নির্বাচন অবাধ ও সুষ্ঠু এবং শান্তিপূর্ণভাবে সম্পন্ন করায় আইনশৃঙ্খলা বাহিনী, আওয়ামী লীগ নেতৃবৃন্দ ও কর্মীদের অভিনন্দন জানান। **সূত্র-ইত্তেফাক (শেষ পৃ.,ক.১), জনকণ্ঠ** (পৃ.২,ক.৮), **ডেইলি সান** (পৃ.১,ক.৫)।

**৩। ঢাকা সিটি কলেজ কেন্দ্রে ভোট দিলেন প্রধানমন্ত্রী**
**ঢাকা মহনগরীর উন্নয়নে অঙ্গীকার ব্যক্ত**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঢাকা সিটি কলেজ কেন্দ্রে ভোট দিলেন। ইভিএমের মাধ্যমে ভোট দিয়ে সন্তোষ প্রকাশ করেন প্রধানমন্ত্রী। এসময় ঢাকা মহানগরীর উন্নয়নে সরকারের গৃহীত বিভিন্ন কার্যক্রম তুলে ধরে প্রধানমন্ত্রী বলেন, নির্বাচনে বিজয়ের পরে আমরা এসব উন্নয়ন কাজ সম্পন্ন করতে পারবো। ঢাকা শহরকে পরিচ্ছন্ন করে গড়ে তুলবো। সূত্র-**আমাদেরঅর্থনীতি** (পৃ.২,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৮)।

**৪। যে কোনো সময়ের তুলনায় শান্তিপূর্ণ ভোট হয়েছে: তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ বলেছেন, পৃথিবীর অন্যতম বৃহৎ ৫৪ লাখ ভোটারের এ ঢাকা সিটি নির্বাচন অতীতের যে কোনো সময়ের তুলনায় শান্তিপূর্ণ এবং সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। গতকাল (১ ফেব্রুয়ারি শনিবার) রাজধানীর ধানমন্ডিতে আওয়ামী লীগ সভাপতির রাজনৈতিক কার্যালয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি একথা বলেন। তিনি বলেন, ঢাকা সিটি কর্পোরেশনের নির্বাচনি প্রচারে যে আমেজ ছিল, তা থেকে শুরু করে এখন পর্যন্ত মানুষ যেভাবে উৎসাহ, উদ্দীপনায় ভোট দিচ্ছেন, তাতে দেখা যাচ্ছে অতীতের যে কোনো সময়ের চেয়ে নির্বাচনি পরিবেশ ভালো রয়েছে। **সূত্র- যুগান্তর (পৃ**.৩,**ক**.১), **বণিক বার্তা (পৃ**.২,**ক**.৫), **নিউজ টুডে** (শেষ **পৃ**.,**ক**.২)।

**৫। নির্বাচন সুষ্ঠু হয়েছে, বড় কোনো অভিযোগ পাইনি : সিইসি**

প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) কেএম নুরুল হুদা বলেছেন, ঢাকার দুই সিটি করপোরেশন নির্বাচন সুষ্ঠু হয়েছে, ভালো হয়েছে। আমরা বড় ধরনের কোনো অভিযোগ পাইনি। গতকাল (১ ফেব্রুয়ারি শনিবার) সন্ধ্যায় নির্বাচন কমিশন ভবনে তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.১), **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৪)।

**৬। অমর একুশে বইমেলা শুরু হচ্ছে আজ: উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী**

বাংলা একাডেমি আয়োজিত অমর একুশে গ্রন্থমেলা ২০২০ আজ রোববার থেকে শুরু হবে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবর্ষে তাঁর স্মৃতির প্রতি উৎসর্গ করা হয়েছে এবারের বইমেলা । আজ (২ ফেব্রুয়ারি রোববার) তিনটায় গ্রন্থমেলা উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। উদ্বোধন শেষে তিনি মেলা পরিদর্শ করবেন। **সূত্র-ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৩), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.৮)।

**৭। প্রধানমন্ত্রী ইতালি যাচ্ছেন মঙ্গলবার**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা ইতালির প্রধানমন্ত্রীর আমন্ত্রণে চার দিনের দ্বিপক্ষীয় সফরে আগামী ৪ ফেব্রুয়ারি মঙ্গলবার রোমের উদ্দেশে রওনা হবেন। সফরকালে প্রধানমন্ত্রী ৫ ফেব্রুয়ারি ইতালির প্রধানমন্ত্রী জিউসেপ কন্টির সঙ্গে দ্বিপক্ষীয় বৈঠক করবেন। প্রধানমন্ত্রী ও তাঁর সফরসঙ্গীদের নিয়ে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের একটি ফ্লাইট আগামী মঙ্গলবার সকালে ইতালির রাজধানী রোমের উদ্দেশে ঢাকা ত্যাগ করবে। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৫),**সংবাদ** (শেষ পৃ,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.১)।

**৮। বঙ্গবন্ধুর স্বপ্নের বাংলাদেশ বিনির্মাণে তরুণ প্রজন্মকেই এগিয়ে আসতে হবে: ভোলায় স্পিকার**

জাতীয় সংসদের স্পিকার ড . শিরীন শারমিন চৌধুরী বলেছেন , দেশের বড় একটি অংশ হচ্ছে তরুণ প্রজন্ম। সে তরুণ প্রজন্মই হলো আমাদের মূল চালিকাশক্তি। তারাই আগামীতে নেতৃত্বে দেবে। তাই মুজিববর্ষে বঙ্গবন্ধুর আদর্শকে বুকে ধারণ করে জাতির পিতার স্বপ্নের বাংলাদেশ বিনির্মাণে তরু ণ প্রজন্মকেই এগিয়ে আসতে হবে। গতকাল (১ ফেব্রুয়ারি শনিবার) ভোলার চরফ্যাশন সরকারি কলেজের এক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। **সূত্র-ইত্তেফাক** (পৃ.২,ক.২), **সংবাদ** (পৃ.৪,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৩,ক.১)।

**৯। রাজাকারের তালিকা প্রকাশ শীঘ্রই : কুড়িগ্রামে মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী**
**মুক্তিযোদ্ধা সংসদের নির্বাচন এপ্রিলে**

মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী আ. ক. ম মোজাম্মেল হক জানিয়েছেন, শীঘ্রই রাজাকারের তালিকা প্রকাশ করা হবে। এ তালিকা প্রণয়নে বিতর্ক এড়াতে মুক্তিযুদ্ধসংশ্লিষ্ট পক্ষগুলো, বিশেষকরে মুক্তিযুদ্ধ গবেষকদের সঙ্গে মতবিনিময় করে রাজাকারের তালিকা প্রকাশ করা হবে। এ ক্ষেত্রে মার্চে তালিকা প্রকাশ সম্ভব হবে না। গতকাল (১ ফেব্রুয়ারি শনিবার) লালমনিরহাট সদর উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স উদ্বোধন শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। তিনি আরো বলেন, আগামী এপ্রিল মাসে মুক্তিযোদ্ধা সংসদের নির্বাচন অনুষ্ঠিত হবে। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৫), **সংবাদ** (পৃ.৪,ক.১), **নিউজ টুডে** (পৃ.২,ক.১)।

**১০। বিশেষ ফ্লাইটে চীনের উহান থেকে ফিরলেন ৩১২ বাংলাদেশি**

চীনের উহান নগরী থেকে বিশেষ ফ্লাইটে ফিরলেন ৩১২ জন বাংলাদেশি। দেশে ফিরিয়ে আনা এসব বাংলাদেশির মধ্যে সর্দি-জ্বরে আক্রান্ত আট জনকে ঢাকার কুর্মিটোলা হাসপাতালে ভর্তি করা হয়েছে। বাকি ৩০৪ জনকে রাখা হয়েছে উত্তরার আশকোনা হজ ক্যাম্পে। উহান থেকে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের একটি বিশেষ ফ্লাইটে গতকাল (১ ফেব্রুয়ারি শনিবার) তারা হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে পৌঁছান। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.১), **সমকাল** (পৃ.১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৬)।

**১১। চলতি মাসেই বাংলাদেশি কর্মীদের জন্য আমিরাতের শ্রমবাজার খুলবে : চট্টগ্রামে প্রবাসী কল্যাণমন্ত্রী**

প্রবাসীকল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী ইমরান আহমদ বলেছেন, প্রবাসী শ্রমিকদের আয় দেশের জন্য একটা বড় আশীর্বাদ। ২০১৮-১৯ অর্থবছরে প্রবাসী শ্রমিকরা ১৬ দশমিক ৫০ বিলিয়ন ডলার রেমিট্যান্স পাঠিয়েছেন। প্রবাসীদের পাঠানো রেমিট্যান্সই সরকারকে সাহস জুগিয়েছে পদ্মাসেতু, বঙ্গবন্ধু ইকোনমিক জোন, পায়রাবন্দর, কর্ণফুলী টানেলের মতো বড় বড় উন্নয়ন কাজ করতে। তবে দালাল চক্রের হাত থেকে প্রবাসী শ্রমিকদের রক্ষা করতে হবে। চলতি মাসেই আমিরাতের শ্রমবাজার খুলবে বলেও জানান তিনি। গতকাল (১ ফেব্রুয়ারি শনিবার) চট্টগ্রাম সার্কিট হাউসে 'বৈদেশিক কর্মসংস্থানের জন্য দক্ষতা ও জনসচেতনতা' শীর্ষক সেমিনারে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৮), **যুগান্তর** (পৃ.৩,ক.১)।

**১২। ঢাকা-সিঙ্গাপুর রুটে এয়ারবাস ৩৫০ সংযোজনের মাধ্যমে যাত্রীসেবা আরও উন্নত করা হবে : বিমান প্রতিমন্ত্রী**

বিমান ও পযটন প্রতিমন্ত্রী মাহবুব আলী বলেছেন, ঢাকা-সিঙ্গাপুর রুটে এয়ারবাস ৩৫০ সংযোজনের মাধ্যমে যাত্রীসেবা আরও উন্নত করা হবে। গতকাল (১ ফেব্রুয়ারি শনিবার) রাজধানীর হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে এক অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। তিনি বলেন, বাংলাদেশ ও সিঙ্গাপুরের মধ্যে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক রয়েছে। পযটন, বিমান চলাচল , বিদ্যুৎ ও জ্বালানী, সুনীল অর্থনীতি, জনশক্তি রপ্তানি ও সমুদ্র নিরাপত্তাসহ নানা বিষয়ে বাংলাদেশ ও সিঙ্গাপুরের মাঝে সহযোগিতার শক্তিশালী সম্পর্ক বিদ্যমান। তিনি আরো বলেন, অর্থনৈতিকভাবে সমৃদ্ধ সিঙ্গাপুরের সাথে বাংলাদেশের বাণিজ্যিক সম্পর্ককে আরো গতিশীল করবে। সূত্র-**আমাদেরঅর্থনীতি** (পৃ.২,ক.৬)।

**১৩। হাওরবাসীর জীবনমান উন্নয়নে ৮শ’ কোটি টাকার প্রকল্প গ্রহণ করা হয়েছে : হবিগঞ্জে পরিকল্পনামন্ত্রী**

দেশের উন্নয়নে প্রধানমন্ত্রী শেখ হাসিনা নিরলসভাবে কাজ করে যাচ্ছেন। মানুষের জীবনমান উন্নয়ন করাই তাঁর একমাত্র প্রধান লক্ষ্য। বাংলাদেশ দ্রুত গতিতে এগিয়ে যাচ্ছে। যে কারণে বর্তমান সরকারের প্রতি দেশের মানুষের আস্থা বেড়েই চলেছে। গতকাল (১ ফেব্রুয়ারি শনিবার) হবিগঞ্জ সার্কিট হাউজ মিলনায়তনে জেলা প্রশাসনের কর্মকর্তাদের সঙ্গে এক মতবিনিময় সভায় তিনি এসব কথা বলেন। তিনি বলেন, হবিগঞ্জ একটি হাওরবেষ্টিত এলাকা। হাওরবাসীর জীবনমান উন্নয়নে সরকার বিশেষভাবে নজর দিচ্ছে। ইতোমধ্যে হাওর উন্নয়নের জন্য প্রায় ৮শ’ কোটি টাকার একটি প্রকল্প গ্রহণ করা হয়েছে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.১), **আমাদেরঅর্থনীতি** (পৃ.১,ক.৭)।

**১৪। এসএসসি পরীক্ষা শুরু আগামীকাল**

এসএসসি ও সমমানের পরীক্ষা শুরু হচ্ছে আগামীকাল। এবছর নয়টি সাধারণ বোর্ডের এসএসসি , মাদ্রাসার দাখিল ও কারিগরি বোর্ডের এসএসসি ভোকেশনালে মোট পরীক্ষার্থী ২০ লাখ ৪৭ হাজার ৭৯৯ জন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৮), **ডেইলি সান** ( শেষ পৃ,ক.১)।

**১৫। জাতীয় নিরাপদ খাদ্য দিবস আজ**

আজ (২ ফেব্রুয়ারি রোববার) দেশে পালিত হচ্ছে জাতীয় নিরাপদ খাদ্য দিবস। এবার দিবসটির প্রতিপাদ্য ‘সবাই মিলে হাত মেলাই, নিরাপদ খাদ্য নিশ্চিত চাই।’ জাতীয় নিরাপদ খাদ্য দিবস উপলক্ষে বাণী দিয়েছেন রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা । সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.১)।

## সম্পাদকীয়

**ক.** **ইত্তেফাক :** সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকদের টাইমস্কেল-সিলেকশন গ্রেড গত দেড় দশক ধরে ঝুলে রয়েছে উল্লেখ করে এ সমস্যার সমাধান করার ওপর গুরুত্বারোপ ।

**খ.** **সমকাল :** জয়পুরহাটের কালাই উপজেলার কয়েকটি গ্রামের অর্ধশতাধিক ব্যক্তি নতুন করে কিডনি বিক্রি করেছে এ তথ্যের কথা উল্লেখ করে আইনের কার্যকর প্রয়োগের পাশাপাশি এ ধরনের কর্মকাণ্ড বন্ধে জোরালো প্রয়াস চালানোর আহ্বান।

**গ.** **যায়যায়দিন, ভোরের কাগজ :** চীনের করোনাভাইরাসের প্রাদুর্ভাবকে বৈশ্বিক জরুরি অবস্থা হিসেবে ঘোষণা করল ওয়ার্ল্ড হেলথ অর্গানাইজেশন উল্লেখ করে এ ভাইরাস মোকাবিলায় জনসচেতনতা ও প্রয়োজনীয় স্বাস্থ্যবিধি নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ।

ঘ. **যুগান্তর** : বিচ্ছিন্ন কিছু ঘটনা ছাড়া শেষ পর্যন্ত শান্তিপূর্ণভাবে সম্পন্ন হয়েছে ঢাকা দক্ষিণ সিটি ও উত্তর সিটি করপোরেশন নির্বাচনের ভোটগ্রহণ উল্লেখ করে নির্বাচিত মেয়রদের অভিনন্দন জ্ঞাপন।

ঙ. **জনকণ্ঠ** : দেশে প্রযুক্তির উন্নয়নের পাশাপাশি সাইবার ক্রাইমও বেড়ে চলেছে উল্লেখ করে এ অবস্থা নিরসনে যথাযথ পদক্ষেপ নেওয়ার সুপারিশ ।

চ. **ইন্ডিপেনডেন্ট** : সিএনজি অটোরিকশা চালকদের বিরুদ্ধে মিটার অনুযায়ী ভাড়া আদায় না করে যাত্রীদের কাছ থেকে অতিরিক্ত ভাড়া আদায় করার অভিযোগ পাওয়া যাচ্ছে উল্লেখ করে এ ব্যাপারে কঠোর পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

ছ. **নিউজ টুডে** : দরিদ্র, নিরক্ষর জনগণকে প্রাথমিক স্বাস্থ্য সম্পর্কিত জ্ঞান দানের পরামর্শ।

## উপসম্পাদকীয়

**যুগান্তর** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, অর্থনৈতিক দুর্বৃত্তায়ন রোধে রাজনৈতিক সিদ্ধান্তই সবচেয়ে বেশি গুরুত্বপূর্ণ।

## নিবন্ধ ও ফিচার

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **‘মানবিক অবমাননা ও সামাজিক বিকৃতি ’** শিরোনামের নিবন্ধে উল্লেখ করা হয়েছে, মানবিক দৃষ্টিভঙ্গির উন্নতি সাধনের মধ্য দিয়ে দেশ ও জাতি সর্বোপরি সমাজের উত্তোরণ সম্ভব।

#

ডালিয়া/মরজিনা/সাঈদা/মাসুম/খোরশেদ/২০২০/৯.০০ঘন্টা